

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৯৩৩ - ৭/৩

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৬ জুন, ২০২৬

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক বিভিন্ন সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শন করে থাকেন। সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শনকালে নিবন্ধক ও মহাপরিচালক এর অনুমতি ব্যতিরেকে বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ব্যক্তিবর্গ ছবি তোলেন, যাদেরকে নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় চিনেন না। বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ব্যক্তিবর্গের সাথে তোলা ছবিগুলো সামাজিক মাধ্যমে আপলোড করার ফলে পরবর্তীতে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব হয়।

এমতাবস্থায়, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শনকালে নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সাথে ছবি তোলা নিয়ে যেন কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি না হয় সে বিষয়ে সকল বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, জেলা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

“বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ”


স্বাক্ষরিত/-মোঃ নবীরুল ইসলাম
অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০১৮.০৫.১৫.জি ৯৩৩/৩ (৭৫) - ৭/৩

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৬ জুন, ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

০১. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
০২. জেলা সমবায় কর্মকর্তা,(সকল)।
০৩. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৪. নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, সমবায় অধিদপ্তর, ঢাকা (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫. সংশ্লিষ্ট নথি।


০৬/০৬/২০২৬
মোহাম্মদ সফিকুল ইসলাম
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।